124

ভোরের কাগজ

তারিখ 13 APR 1998
পৃষ্ঠা 2 কলাম 2

# বৃহস্পতিবার থেকে এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে

সারা দেশে পাঁচটি শিক্ষা বোর্ডের অধীনে আগামী বৃহস্পতিবার থেকে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা শুরু হচ্ছে। এ বছর ঢাকা বোর্ডের অধীনে ২ লাখ ১৬ হাজার ৭৪৪ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নিচ্ছে। এদের মধ্যে ১ লাখ ২৯ হাজার ৯৮৫ জন নিয়মিত। তারা এ বছর থেকে চালু করা নতুন পাঠ্যক্রম অনুযায়ী পরীক্ষা দেবে। বাকি ৮৬ হাজার ৭৫৯ জন অনিয়মিত ছাত্রছাত্রীর মধ্যে তারাও রয়েছে, যারা পূর্ববর্তী বছরের পরীক্ষায় উত্তীর্ণ হতে পারেনি কিংবা পরীক্ষায় অংশ নেয়নি। ইউএনবি।

ঢাকা বোর্ডের অধীনে রয়েছে রিয়াদ, জেদ্দা, দোহা, দুবাই ও ত্রিপোলিতে ৫টি প্রবাসী কেন্দ্রসহ ২২০টি পরীক্ষা কেন্দ্র।

চট্টগ্রাম বোর্ডের অধীনে মোট ৬২ হাজার ২৬৮ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নিচ্ছে। এদের মধ্যে ৪৪ হাজার ১০১ জন নিয়মিত ও ১৮ হাজার ১৬৭ জন অনিয়মিত পরীক্ষার্থী। এ বোর্ডের অধীনে রয়েছে ৭৫টি পরীক্ষা কেন্দ্র।

যশোর বোর্ডের কর্মকর্তারা জানিয়েছেন, সে বোর্ডের অধীনে পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ৩৬ হাজার ৬৮৮ জন। এদের মধ্যে ৭৯ হাজার ৬৫২ জন নিয়মিত ও ৫৭ হাজার ৩৬ জন অনিয়মিত ছাত্রছাত্রী।

বোর্ড কর্তৃপক্ষগুলো পরীক্ষায় অসদুপায় রোধ করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় প্রশাসনের প্রতি অনুরোধ জানিয়েছে।

ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক এম তোজাম্মেল হোসেন জানিয়েছেন, প্রশ্নপত্র ফাঁস রোধের জন্য সম্ভাব্য সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।